



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।  
shahajadpur@uhfpo.dghs.gov.bd

স্মারক:-স্বাস্থ্য/শাহ/২০/

তারিখঃ- /১১/২০ইং

## অফিস আদেশ

সূত্রঃ- সদয় স্মারক নং- স্বাঃ অধিঃ/সিবিএইচসি/প্রশাসন-২১(অংশ-১)/২০২০/২০৯১ তারিখ ১৬/১১/২০ইং মোতাবেক ।

উপরোক্ত সূত্রের স্মারক মোতাবেক এবং স্বাস্থ্য বিভাগের নির্দেশনা মোতাবেক অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহজাদপুর, সিরাজগঞ্জ সহ এর আওতাধীন সকল ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, এফ.ডাব্লিউ.সি এবং কমিউনিটি ক্লিনিক(সিসি) এবং শাহজাদপুর উপজেলার সকল সরকারী/বেসরকারী দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, স্বাস্থ্য ব্যবস্থাপনা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে চিকিৎসা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য সকল ক্ষেত্রে পূনঃ ব্যবহারযোগ্য কাপড়ের মাস্ক ব্যবহার এবং মাস্ক ছাড়া অফিস/আদালত/শপিংমল/বাজার/সামাজিক/রাষ্ট্রীয় অনুষ্ঠানে না যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হইল। এছাড়া মাস্ক পরিধান বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে ” মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/ No Mask - No Entry অথবা মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask - Get Service” ব্যানার স্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

### নির্দেশনাবলীঃ

- ১। **No Mask –No service, সেবা নিতে মাস্ক পড়ুন** - এই বার্তা সম্বলিত ফেস্টুন দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
- ২। প্রতিটি স্বাস্থ্য প্রতিষ্ঠানের সামনে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
- ৩। প্যাথলজিক্যাল পরীক্ষার ধরণ এবং তার মূল্য তালিকা দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
- ৪। মেডিকেল রিপ্রেজেন্টেটিভ নির্দিষ্ট সময় ব্যতীত প্রবেশ নিষেধ এবং অফিস চলাকালীন সময়ে ভিজিট নিরুৎসাহিত করতে হবে।
- ৬। আপনার অফিসে শুদ্ধাচার কমিটি গঠন করতে হবে। ০৩ মাস অন্তর-অন্তর কমিটির সবাইকে নিয়ে সভার ব্যবস্থা করতে হবে।
- ৭। প্রেসক্রিপশনে ঔষধের নাম CAPITAL LETTER এ লিখতে হবে এবং স্পষ্ট হতে হবে।
- ৮। উপজেলা স্বাস্থ্য মেলা ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে পর্যাপ্ত প্রস্তুতি গ্রহন করতে হবে।
- ৯। সকল কর্মকর্তা-কর্মচারীর আগমন, অবস্থান ও প্রস্থান নিশ্চিত করতে হবে।
- ১০। আপনার অফিসে অভিযোগ-বক্স স্থাপন বা Hot Line চালু করতে হবে।

(ডাঃ মোহাম্মাদ আমিনুল ইসলাম)  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

স্মারক:-স্বাস্থ্য/শাহ/২০/

তারিখঃ- /১১/২০ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- ৪। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
- ৬। সভাপতি, উপজেলা করোনা প্রতিরোধ কমিটি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

- ৭। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ। আপনাকে আপনার নিয়ন্ত্রনাধীন সকল প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে **মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/ No Mask - No Entry** অথবা **মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask - Get Service** ব্যানার স্থাপনসহ সকলকে মাস্ক ব্যবহার নিশ্চিতকরনের জন্য অনুরোধ করা হইল।
- ৮। উপজেলা অফিসার বৃন্দের কার্যালয় সমূহ (সকল)।
- ৯। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শাহজাদপুর। আপনাকে আপনার নিয়ন্ত্রনাধীন সকল প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে **মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/ No Mask - No Entry** অথবা **মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask - Get Service** ব্যানার স্থাপনসহ সকলকে মাস্ক ব্যবহার নিশ্চিতকরনের জন্য অনুরোধ করা হইল।
- ১০। আবাসিক মেডিকেল অফিসার(অত্র কার্যালয়)। আপনাকে রোগীর মোতাবেক সকল চিকিৎসক/নার্স/আয়া/ওয়ার্ড বয়/পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মী/নিরাপত্তা প্রহরীসহ সকলকে মাস্ক ব্যবহার নিশ্চিতকরনের জন্য নির্দেশ প্রদান করা হইল।
- ১১। আফরোজা আক্তার সুলতানা, এস.আই/ মোঃ আব্দুর রহমান, স্বাস্থ্য পরিদর্শক ও ইনচার্জ অত্র কার্যালয়। আপনার নিয়ন্ত্রনাধীন সকল স্বাস্থ্য কর্মীদের মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ এবং এর উপর যথাযথ স্বাস্থ্য শিক্ষা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হইল।
- ১২। অফিস কপি।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।